

প্রশিক্ষণের বিস্তারিত

সমবায় অধিদপ্তর জনগণের আর্থসামাজিক উন্নয়ন ও দারিদ্র হ্রাস করনে সরকারী উদ্যোগ বাস্তবায়নের অন্যতম প্রধান সংস্থা। সমবায় অধিদপ্তর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর। সমবায় অধিদপ্তরের প্রধান নিবন্ধক ও মহাপরিচালক নামে অভিহিত। উপজেলা, জেলা, বিভাগ ও সদর দপ্তর এ ৪ পর্যায়ে এ অধিদপ্তরের কার্যালয় বিস্তৃত। এছাড়া একটি জাতীয় প্রশিক্ষণ একাডেমী ও ১০টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট রয়েছে। সমবায় সমিতির নিবন্ধনসহ বিধিগত বিভিন্ন সেবা, আইনগত পরামর্শ এবং উন্নয়ন ও সম্প্রসারণমূলক কর্মকাণ্ডের মাধ্যমে সমবায় আন্দোলনকে সহায়তা করা ও জনগণের আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিত করা সমবায় অধিদপ্তরের মূল কার্যক্রম।